# মালেকা একাডেমি

## গোপালগঞ্জ

### পবিত্র মাহে রমজানের বন্ধ চলাকালীন পড়াশুনা প্রস্তুতি

### দ্বিতীয় শ্রেণি

### স্থাপিত ঃ ২০০৬খ্রিঃ



বিষয় - বাংলা

মালেকা একাডেমি
গোপালগঞ্জ
শ্রেণি ঃ দ্বিতীয়
বিষয় ঃ বাংলা

১. যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণির সংখ্যা বুঝায় তাকে বচন বলে।বচন ২ প্রকার। যথা ঃ এক বচন, বহু বচন
২. বচন পরিবর্তন করঃ

একবচন----বহুবচন
দিন-- দিনগুলো
গাছ-- গাছগুলো
বাগান-- বাগানগুলো
পাখি-- পাখিগুলো
জেলে--- জেলেরা
বই-- বইগুলো
ছেলে-- ছেলেরা
কুড়াল-- কুড়ালগুলো
ফুল-- ফুলগুলো
মেয়ে-- মেয়েরা
অঞ্চল-- অঞ্চলগুলো
আমি-- আমরা
তুমি-- তোমরা
সে-- তারা
গ্রাম-- গ্রামগুলো
মাস-- মাসগুলো
ফল-- ফলগুলো

ট্রেন

১. শব্দার্থ লেখঃ
ট্রেন- রেলগাড়ি, ঝক ঝকাঝক- ঝকঝক শব্দ, রাত দুপুরে- মাঝ রাতে, জিরায়- বিশ্রাম নেয়, ফের- আবার, পেরুলেই- পার হলেই, বাজনা- বাদ্য বাজানোর শব্দ, বেশ- ভালো

২. এক কথায় প্রকাশ করঃ
ক) বাদ্য বাজানোর শব্দ- বাজনা

৩. বিপরীত শব্দঃ
রাত- দিন, দেশ- বিদেশ, ছোটা- থামা, শেষ- শুরু

৩. সমার্থক শব্দঃ
শেষ- সমাপ্ত, বেশ- ভালো, বন- অরণ্য, ফের- আবার, দিন- দিবস, মাঠ- ময়দান, রাত- রজনী, দুপুর- মধ্যাহ্ন

৫. বাক্য গঠন করঃ
ট্রেন, জিরোয়, বাজনা, বেশ, ফের

৬. যুক্তবর্ণ ভেঙ্গে ২টি করে শব্দ লেখঃ
প্র= ট+্র(র ফলা)= ট্রেন, ট্রাক

৭. শূণ্যস্থান পূরণ করঃ
ক) এখানে আমি বেশ আছি।
খ) রাত দুপুরে শিয়াল ডাকে।
গ) মাঠ পেরুলেই নদী দেখা যায়।
ঘ) কাজ শেষে তারা জিরোয়।

ঙ) এখানে আমি ফের আসব।
চ) ঝক ঝকাঝক শব্দ করে ট্রেন চলে।
ছ) বিয়ে বাড়িতে বাজনা বাজে।
জ) আমরা সারা দিন অনেক মজা করলাম।
ঝ) বিদেশ থেকে মামা এসেছেন।
ঞ) সামনে এগিয়ে যেতে হলে থামা যাবে না।

৮. বানান শুদ্ধকরণঃ

টেরেন- ট্রেন, যিরোয়- জিরোয়, বাযনা- বাজনা, যনযন- ঝনঝন , বেরায়- বেড়ায়, হটাত- হটাৎ

৯. আগের ও পরের চরণ পূরণ করঃ

বইয়ের ট্রেন কবিতা থেকে করতে হবে

১০. প্রশ্নগুলোর উত্তর দাওঃ

ক) ট্রেন চলার সময় কেমন শব্দ করে? উত্তর ঃ ট্রেন চলার সময় ঝকঝক শব্দ করে।
খ) মাঠ পেরুলেই কী দেখা যায়? উত্তর ঃ মাঠ পেরুলেই বন দেখা যায়।
গ) পুলের উপর ট্রেন কেমন শব্দ করে? উত্তর ঃ পুলের উপর ট্রেন ঝনঝন শব্দ করে।
ঘ) ট্রেন কোথায় ঘুরে বেড়ায়? উত্তর ঃ ট্রেন দেশ বিদেশে ঘুরে বেড়ায়।
ঙ) ইচ্ছে হলে ট্রেন কী করে? উত্তর ঃ ইচ্ছে হলে ট্রেন বাশিঁ বাজায়।
চ) ট্রেন কেমন শব্দ করে থামে? উত্তর ঃ ট্রেন একটু কেশে খক শব্দ করে থামে।

দুখুর ছেলে বেলা

১. শব্দার্থ লেখ ঃ

ঝাকড়া-- ঘন গোছা, বাদাড়- জঙ্গল, তালপুকুর-- যে পুকুরের পাড়ে অনেক তালগাছ আছে, টলটলে-- পরিষ্কার, মকতব-- মুসলমান বালক-- বালিকাদের প্রাথমিক বিদ্যালয়, ডাঁশা-- পাকা ও কাঁচার মাঝামাঝি, তরতর-- তাড়াতাড়ি, সুরেলা-- খুব মধুর সুর, মুগ্ধ-- বিভোর, জাতীয়-- জাতির নিজস্ব

২. এক কথায় প্রকাশ কর ঃ

ক) যে পুকুরের পাড়ে অনেক তালগাছ আছে-- তালপুকুর, খ) পাকা ও কাঁচার মাঝামাঝি-- ডাঁশা, গ) জাতির নিজস্ব-- জাতীয়, ঘ) মুসলমান বালক-- বালিকাদের প্রাথমিক বিদ্যালয়-- মকতব ঙ) খুব মধুর সুর-- সুরেলা

৩. সমার্থক শব্দ ঃ

ছেলে- পুত্র, চুল- কেশ, চোখ- নয়ন, ঘুম- নিদ্রা

৪. বিপরীত শব্দ লেখ ঃ

সকাল- বিকাল, কিশোর- বয়স্ক, গ্রাম- শহর, সুরেলা- কর্কশ

৫. যুক্তবর্ণ ভেঙ্গে ২টি করে শব্দ তৈরি কর ঃ

গ্র= গ+্র(র ফলা)- অগ্র, গ্রহ
গ্ধ= গ+ধ- দুগ্ধ, দগ্ধ

৬. বানান শুদ্ধ ঃ

কিষোর- কিশোর, জাকড়া- ঝাকড়া, শাতার- সাঁতার, ষকাল- সকাল, তড়তড়- তরতর, শুরেলা- সুরেলা, মুগধ- মুগ্ধ

৭. বাক্য গঠন কর ঃ

কিশোর, ঝাকড়া, তরতর, মুগ্ধ, সুরেলা, জাতীয়

৮. শূণ্যস্থান পূরণ কর ঃ

ক) তাল পুকুরের পানি টলটলে।
খ) বনে বাদাড়ে সাপ থাকে।
গ) নজরুলের মাথায় ছিল ঝাকড়া চুল।
ঘ) দুখিদের গ্রামে একটা মকতব ছিল।
ঙ) ডাঁশা পেয়ারা খেতে খুব মজা।
চ) শাপলা আমাদের জাতীয় ফুল।
ছ) দুখু মিয়ার গান শুনে সবাই মুগ্ধ হতো।
জ) একটা সুরেলা আওয়াজ শুনলাম।

৯. প্রশ্নগুলোর উত্তর দাও ঃ
ক) দুখুর আসল নাম কী? উত্তর ঃ দুখুর আসল নাম কাজী নজরুল ইসলাম।
খ) দুখু দেখতে কেমন ছিল? উত্তর ঃ দুখুর চোখ দুটো বড়বড়, মাথায় ঝাঁকড়া চুল।
গ) সকালে কিসের ডাকে দুখুর ঘুম ভাঙে? উত্তর ঃ সকালে পাখির ডাকে দুখুর ঘুম ভাঙে।
ঘ) দুখু দলবল নিয়ে কী করে? উত্তর ঃ দুখু দলবল নিয়ে খেলা করে, বনে-বাদাড়ে ঘুরে বেড়ায়, পুকুরের পানিতে সাঁতার কাটে।
ঙ) কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়? উত্তর ঃ কাঠবিড়ালিকে দেখে দুখুর কাঠবিড়ালি হতে ইচ্ছে হয়।
চ) আমাদের জাতীয় কবির নাম কী? উত্তর ঃ আমাদের জাতীয় কবির নাম কাজী নজরুল ইসলাম।
কবিতা ঃ প্রার্থনা
১.শব্দার্থ লেখ ঃ
প্রার্থনা- কোনো কিছু চাওয়া, রহিম- যাঁর (আল্লাহ) অনেক দয়া, রহমান- করুণাময় আল্লাহ, ধরণী- পৃথিবী, মোদের- আমাদের, কণ্ঠ-গলা, স্বজন- আপন লোক, মমতা- মায়া, মধুর- খুব মিষ্টি, সৎপথ- ভালো কাজের রাস্তা, মুনাজাত- প্রার্থনা
২. এক কথায় প্রকাশ করঃ
ক) কোনো কিছু চাওয়া- প্রার্থনা,
খ) করুণাময় আল্লাহ- রহমান,
গ) যাঁর (আল্লাহ) অনেক দয়া- রহিম,
ঘ) ভালো কাজের রাস্তা- সৎপথ,
ঙ) খুব মিষ্টি- মধুর
৩. সমার্থক শব্দ ঃ
হাত- হস্ত, গাছ- বৃক্ষ, ফুল- পুষ্প, জল- পানি, নদী- তটিনী, মাতা- মা, পিতা- বাবা, ভাই- ভ্রাতা, বোন- ভগ্নি, সুন্দর- মনোরম, মানুষ- মানব
৪. বিপরীত শব্দ ঃ
দান- গ্রহন, ভরা- খালি, আপন- পর, প্রাণ- নিষ্প্রাণ, সহজ- কঠিন, সৎ- অসৎ
৫. যুক্তবর্ণ ভেঙ্গে ২টি শব্দ তৈরি কর ঃ
ন্ঠ= ন+ঠ- কণ্ঠ, গুন্ঠন,
স্ব= স+ব- স্বাধীন, স্বাদ,
প্র= প+্র(র ফলা) প্রাণ, প্রথম,
র্থ= (র্ রেফ ফলা)+ থ- অর্থ, প্রার্থনা
৬. বানান শুদ্ধকরণ ঃ
ধরনি- ধরণী, কনঠ- কণ্ঠ, শজন- স্বজন, ষত- সৎ, শহজ- সহজ
৭. শূণ্যস্থান পূরন কর ঃ
ক) স্রষ্টার এক নাম রহিম।
খ) আমাদের ধরণী ফুলেফুলে ভরা।
গ) মোদের গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা।
ঘ) আমাদের উচিত সৎপথে চলা।
ঙ) তিনি সুরেলা কণ্ঠে গান গাইছেন।
চ) মায়ের মমতার তুলনা হয় না।
ছ) স্রষ্টার আরেক নাম রহমান।
জ) কোকিল মধুর সুরে গান গায়।
ঝ) তিনি ভোরে উঠে প্রার্থনা করেন।
৮. আগের ও পরের চরণ পূরণ কর ঃ (প্রার্থনা কবিতা থেকে পড়তে হবে)
৯. প্রশ্নগুলোর উত্তর দাও ঃ
ক) সুন্দর ধরণী কে দান করেছেন? উত্তর ঃ সুন্দর ধরণী করুণাময় আল্লাহ দান করেছেন ।
খ) আমাদের কাছে কারা আপন? উত্তর ঃ আমাদের কাছে মাতা, পিতা,ভাই-বোন, আত্মীয়-স্বজন সব মানুষেরা সবাই আপন।
গ) আমরা কেমন পথে চলতে চাই? উত্তর ঃ আমরা সহজ,সরল,সৎ পথে চলতে চাই।

ঘ) কবিতায় কবি কাকে না ভুলে যাওয়ার কথা বলেছেন এবং কেন? উত্তর ঃ কবিতায় কবি করুনাময় আল্লাহকে না ভুলে যাওয়ার কথা বলেছেন কারণ করুনাময় আল্লাহ আমাদের এই সুন্দর ধরণী দান করেছেন।

১০. <u>বাক্য গঠন কর ঃ</u>

মুনাজাত, ধরণী, দান, মমতা, সৎ, রহিম

মালেকা একাডেমি গোপালগঞ্জ স্থাপিত ঃ ২০০৬ খ্রিঃ

মালেকা একাডেমি
গোপালগঞ্জ
শ্রেণিঃ দ্বিতীয়
বিষয়ঃ গণিত

পৃষ্ঠা (৫১-৭৮)

১। রাজুর বাবা এক সপ্তাহে ৬দিন কাজ করেন। তিনি ৭ সপ্তাহে কত দিন কাজ করেন?

সমাধানঃ

রাজুর বাবা,

১ সপ্তাহে কাজ করেন ৬ দিন

$\therefore$ ৭ সপ্তাহে কাজ করেন (৬×৭) দিন

= ৪২ দিন

উত্তরঃ ৪২ দিন।

২। ৭দিনে এক সপ্তাহ। ৯সপ্তাহে কত দিন?

সমাধানঃ

১ সপ্তাহে ৭ দিন

$\therefore$ ৯ সপ্তাহে (৭×৯) দিন

= ৬৩দিন

উত্তরঃ ৬৩দিন।

৩। ৪ টি বক্সের প্রতিটিতে ৮ টি করে চকলেট আছে। সেখানে কতগুলো চকলেট আছে?

সমাধানঃ

১ টি বক্সে চকলেট আছে ৮ টি

$\therefore$ ৪ টি বক্সে চকলেট আছে (৮×৪) টি

= ৩২ টি

উত্তরঃ ৩২টি চকলেট।

৪। একটি শ্রেণি কক্ষে প্রতিটি দলে ৮ জন করে শিক্ষার্থী আছে। যদি ৬ টি দল থাকে, তবে কতজন শিক্ষার্থী থাকবে?

সমাধানঃ

একটি শ্রেণি কক্ষে,

১টি দলে আছে ৮ জন শিক্ষার্থী

$\therefore$ ৬টি দলে আছে (৮×৬) জন শিক্ষার্থী

= ৪৮ জন শিক্ষার্থী

উত্তরঃ ৪৮ জন শিক্ষার্থী।

৫। প্রতিটি ঝুড়িতে ৯ টি করে রুটি রাখা যায়। এরকম ৪টি ঝুড়িতে কতটি রুটি রাখা যাবে?

সমাধানঃ

১টি ঝুড়িতে রাখা যায় ৯ টি রুটি

$\therefore$ ৪টি ঝুড়িতে রাখা যায় (৯×৪) টি রুটি

= ৩৬ টি রুটি

উত্তরঃ ৩৬ টি রুটি।

৬। রফিক একদিনে একটি বইয়ের ৯ পৃষ্ঠা পড়ে। সে ৭দিনে কত পৃষ্ঠা পড়ে?

সমাধানঃ

রফিক ১ দিনে পড়ে বইয়ের ৯ পৃষ্ঠা

$\therefore$ রফিক ৭ দিনে পড়ে বইয়ের (৯×৭) পৃষ্ঠা

= ৬৩ পৃষ্ঠা

উত্তরঃ ৬৩ পৃষ্ঠা।

৭। একজন মানুষের দুই হাতে মোট ১০ টি আঙ্গুল আছে। এরকম ৮ জন মানুষের হাতে কতটি আঙ্গুল রয়েছে?
সামধানঃ
১ জন মানুষের দুই হাতে আঙ্গুল আছে ১০ টি
∴ ৮ জন মানুষের দুই হাতে আঙ্গুল আছে (১০×৮) টি
= ৮০ টি
উত্তরঃ ৮০টি আঙ্গুল।

৮। রাজুর বাবা একদিনে ১২ ঘণ্টা কাজ করেন। যদি তিনি ৩ দিন কাজ করেন তবে, কত ঘণ্টা কাজ হবে?

সমাধানঃ
রাজুর বাবা ১ দিনে কাজ করেন ১২ ঘণ্টা
∴ রাজুর বাবা ৩ দিনে কাজ করেন ( ১২×৩) ঘণ্টা
= ৩৬ ঘণ্টা
উত্তরঃ ৩৬ ঘণ্টা।

৯। রহিম ৩ টি রূপ কথার বই কিনতে চায়। প্রতিটি বইয়ের দাম ৩০ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে?
সমাধানঃ
১ টি বইয়ের দাম ৩০ টাকা
∴ ৩ টি বইয়ের দাম ( ৩০×৩) টাকা
= ৯০ টাকা
উত্তরঃ ৯০ টাকা।

১০। একটি প্যাকেটে ২টি লজেন্স আছে। ঐরূপ ৮ টি প্যাকেটে কতটি লজেন্স আছে?
সমাধানঃ
১ টি প্যাকেটে লজেন্স আছে ২ টি
∴ ৮ টি প্যাকেটে লজেন্স আছে (২×৮) টি
= ১৬ টি
উত্তরঃ ১৬ টি লজেন্স।

১১। ১টি শ্রেণি কক্ষে ১০টি বেঞ্চ আছে। একটি বেঞ্চে ৫ জন ছাত্র বসতে পারে। ঐ শ্রেণি কক্ষে মোট কতজন ছাত্র বসতে পারবে?
সমাধানঃ
১ টি বেঞ্চে বসতে পারে ৫ জন ছাত্র
∴ ১০ টি বেঞ্চে বসতে পারবে (৫×১০) জন ছাত্র
৫০ জন ছাত্র।

১২। বাবা প্রতিদিন ৪ ঘণ্টা হাঁটেন। ৭ দিনে তিনি কত ঘণ্টা হাঁটেন?
সমাধানঃ
বাবা ১ দিনে হাঁটেন ৪ ঘণ্টা
∴ বাবা ৭ দিনে হাঁটেন (৪×৭) ঘণ্টা
= ২৮ ঘণ্টা
উত্তরঃ ২৮ ঘণ্টা।

১৩। উজ্জ্বল ৪ টি বই কিনতে চায়। প্রতিটি বইয়ের দাম ২১ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে?
সমাধানঃ
১ টি বই কিনতে লাগবে ২১ টাকা
∴ ৪ টি বই কিনতে লাগবে (২১ ×৪) টাকা
= ৮৪ টাকা
উত্তরঃ ৮৪ টাকা।

১৪। যদি ৪৮ টি কাগজ ৮ জন শিশুকে সমানভাবে ভাগ করে দেওয়া হয়, তবে প্রত্যেক শিশু কতটি করে কাগজ পাবে?
সমাধানঃ

৮ জন শিশু পাবে ৪৮ টি কাগজ
∴ ১ জন শিশু পাবে (৪৮ ÷ ৮) টি কাগজ
= ৬ টি কাগজ

উত্তরঃ ৬টি কাগজ।

১৫। বাবার ৬৩ টাকা আছে। তিনি এই টাকা তার পরিবারের ৭ জনকে সমানভাগে ভাগ করে দিতে চান। প্রত্যেকে কত টাকা করে পাবে?
সমাধানঃ

৭ জনে পাবে ৬৩ টাকা
∴ ১ জনে পাবে (৬৩ ÷ ৭) টাকা
= ৯ টাকা

উত্তরঃ ৯ টাকা।

১৬। ১২ টি বিস্কুট আছে। যদি একজন শিশু ৩ টি বিস্কুট পায় তবে, কতজনে বিস্কুটগুলো পেতে পারে?
সমাধানঃ

৩ টি বিস্কুট পায় ১ জন শিশু
∴ ১২ টি বিস্কুট পায় ( ১২ ÷ ৩) জন শিশু
= ৪ জন শিশু

উত্তরঃ ৪ জন শিশু।

১৭। ১৮টি চকলেট আছে। যদি আমরা প্রত্যেক শিশুকে ৬টি করে চকলেট দিই তবে, কতজন শিশুকে চকলেটগুলো দিতে পারব?
সমাধানঃ

৬টি চকলেট পাবে ১ জন শিশু
∴ ১৮টি চকলেট পাবে ( ১৮ ÷ ৬) জন শিশু
= ৩ জন শিশু

উত্তরঃ ৩ জন শিশু।

১৮। আমরা কয়েকজন শিশুকে ৩২ টি লিচু ভাগ করে দিলাম। প্রতিটি শিশু ৮ টি করে লিচু পেল। কতজন শিশুকে লিচুগুলো দেওয়া হলো?
সমাধানঃ

৬টি লিচু পেল ১ জন শিশু
∴ ৩২ টি লিচু পেল ( ৩২ ÷ ৮) জন শিশু
= ৪ জন শিশু

উত্তরঃ ৪ জন শিশু।

১৯। একটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের পুরস্কার দেওয়ার জন্য ৪৫ টি খাতা আছে। যদি একজন শিক্ষার্থীকে ৫ টি খাতা দেওয়া হয় তবে, কতজন শিক্ষার্থী পুরস্কার পাবে?
সমাধানঃ

৫ টি খাতা পাবে ১ জন শিক্ষার্থী
∴ ৪৫ খাতা পাবে (৪৫ ÷ ৫) জন শিক্ষার্থী
৯ জন শিক্ষর্থী

উত্তরঃ ৯ জন শিক্ষার্থী।

২০। ১৫টি বিস্কুট আছে। আমরা এই বিস্কুটগুলো ৩ জন শিশুর মধ্যে ভাগ করব। প্রত্যেক শিশু কয়টি করে বিস্কুট পাবে?

সমাধানঃ

৩ জন শিশু পাবে ১৫টি বিস্কুট

$\therefore$ ১ জন শিশু পাবে (১৫ ÷ ৩) টি বিস্কুট

= ৫টি বিস্কুট

উত্তরঃ ৫টি বিস্কুট।

২১। ৮টি আম দুইজনকে সামনভাগে ভাগ করে দেওয়া হলো। প্রত্যেকে কয়টি করে আম পেল?

সমাধানঃ

২ জনে পেল ৮ টি আম

$\therefore$ ১ জনে পেল (৮ ÷ ২) টি আম

= ৪ টি আম

$\therefore$ প্রত্যেকে ৪ টি করে আম পেল।

উত্তরঃ ৪ টি আম।

২২। ৬ ,৭ ও ৮ এর ঘরের নামতা ভালো করে মুখস্ত করে বার বার পড়বে ও লিখবে।

Maleka Academy
Gopalganj
Class: Two
Subject: English

1. Write a Paragraph about `The Cow'

The cow  is a domestic animal. It is big in size. It has different colours. It has four legs, two eyes, two ears, a big head and a long tail. It's body is covered with soft fur. It lives on grass, leaves, straw etc. It lives in a shed. It ploughs our land. It gives us milk, meat, cowdung etc. It is a very useful animal.

2. Rhyme: (i) Days of the week (page-27)
(ii) Colour (page-33)

3. Answer the following question:
(a) How many days are there in a week?
Ans: There are seven days in a week.
(b) What day is it today?
Ans: Today is Sunday.
(c) On which day does Rima's father give her a seed?
Ans: On Saturday, Rima's father gives her a seed.
(d) On which day does Rima put the seed in a tub?
Ans: On Saturday, Rima puts the seed in a tub.
(e) On which day does Rima waters the seed ?
Ans: On Monday Rima waters the seed.
(f) On which day does Rima wait?
Ans: On Thursday, Rima waits.
(g) Where does Rima put the tub?
Ans: Rima puts the tub in the sun.
(h) On Which day does Rima see something?
Ans: On Friday, Rima sees something.
(i) Hou many colour are there in a rainbow?
Ans: There are seven colours in a rainbow.
(j) How many butterflies are yellow?
Ans: Three butterflies are yellow.

4. Turn intu Bangla / Rurn intu English.
Week- সপ্তাহ
Days-দিনগুলি
Today- আজ
Many- অনেক
Nice- সুন্দর

Seed- বীজ
Plant- চারাগাছ
Give- দেওয়া
Wait- অপেক্ষা করা
Story- গল্প
Put- রাখা
Again- আবার / পুনরায়
See- দেখা
Something- কোনো কিছু
Small- ছোট
Colour- রং
Rainbow- রংধনু
Green- সবুজ
Violet- বেগুনি
Rose- গোলাপ
Butterfly- প্রজাপতি
Kite- ঘুড়ি
Brown- বাদামী
Circle- বৃত্ত
Sentence- বাক্য
Father- বাবা

5. Write opposite word:
Count- uncount
Come- go
Open- close
Do- undo
Begin- End
Read- unread
Stand- sit
Under- up
Close- open
Day- night
many- Few
Nice- ugly
Give- take
Small- big
Yes- No

6. Make Sentences with the following words:
Week- There are seven days in a week.
Today- Today is Sunday.
Many- I have many pens.
Nice- The day is nice.
Seed- Rima puts the seed in a tub.
Plant-There is a small plant.
Give- You give me a plant.
Wait- I wait for you.
Story- The story is big.
Rainbow- There are seven colours in a rainbow.
Green- Grass is green.

Violet- The bag is violet.
Rose- The rose is red.
Butterfly- Three butterflies are yellow.
Brown- Four bats are brown.
Father- My father is a teacher.

7. Filling in the blanks.
Weeks, Listen, Many, Day, Today, Nice, Seed, Plant, Small
Water, Wai_, Father, Give, Again, Blue, Orange, Name, Hut,
Yes, Hut, Colour, Wrire

8. Re-arrange the letter to make a meaningful word.

| | |
|---|---|
| ekwe- week , | alsml- small |
| nyma- many | hfreat- father |
| atyod- today | ouclro-colour |
| cien- nice | lwyleo- yellow |
| yrehm- rhyme | iobranw- rainbow |
| edes - seed | reso- rose |
| atpnl- plant | iket-kite |
| ievg- give | onbwn- brown |
| ertwa water | eirtw- write |
| atwi - wait | egenr -green |
| cericl- circle | dera- read |
| hfreat- father | btlytuefr-butterfly |